48

দৈনিক ইত্তেফাক

তারিখ 13 APR 1996
পৃষ্ঠা ৫ কলাম ৬

# কুমিল্লা বোর্ডের পরীক্ষকদের পারিশ্রমিক প্রদানে দীর্ঘসূত্রতার অভিযোগ

সন্দ্বীপ (চট্টগ্রাম) সংবাদদাতা ॥ কুমিল্লা বোর্ডের ১৯৯৫ সনে অনুষ্ঠিত এস.এস.সি ও এইচ.এস.সি পরীক্ষার পরীক্ষকদের পারিশ্রমিক বিলের চেক প্রদানে দীর্ঘসূত্রতার কারণে পরীক্ষকেরা আর্থিক অনটনে আছেন। পরীক্ষার ফল প্রকাশের তিন মাসের মধ্যে পরীক্ষার উত্তরপত্র পরীক্ষণের পরীক্ষক ও অন্যান্য কাজে সংশ্লিষ্ট ব্যক্তিগণ বিলের চেক অতীতে পাইয়া থাকিত। কিন্তু গত ২/৩ বছর হইতে সংশ্লিষ্ট কাজে নিয়োজিত স্কুল-কলেজের শিক্ষকগণ বিলের চেক পাইতে অহেতুক বিলম্বের শিকার হইতেছে। দূর-দূরান্ত হইতে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষার উত্তরপত্র পরীক্ষণসহ নানাবিধ অর্পিত দায়িত্বে স্কুল-কলেজের শিক্ষকগণকে বোর্ড হইতে জরুরীভাবে ডাকা হয় এবং সংশ্লিষ্ট কাজের দায়িত্ব পালনের জন্য শিক্ষক-শিক্ষয়িত্রীগণকে নিজেদের টাকা-পয়সা খরচ করিয়া যাতায়াত ও উত্তরপত্র পরিবহন করিতে হয়। অথচ উক্ত টাকা প্রদানে বোর্ড কর্তৃপক্ষ বর্তমানে অহেতুক বিলম্ব করায় সীমাবদ্ধ আয়ের শিক্ষক-শিক্ষয়িত্রীরা বিড়ম্বনার শিকার হইতেছে।